আজকের কাগজ

তারিখ 2 1 APR 1994
পৃষ্ঠা 2 কলাম 8

44

# শিক্ষার জন্য খাদ্য বিষয়ে বিতর্ক অনুষ্ঠিত

দেশের মূলধারা উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের বেসরকারি প্রাতিষ্ঠানিক জোট গণ সাক্ষরতা অভিযান-এর উদ্যোগে গতকাল বিকেল ৩টায় ব্রিটিশ কাউন্সিল মিলনায়তনে শিক্ষা বিষয়ক এক বিতর্ক অনুষ্ঠিত হয়। বিতর্কের বিষয় ছিল শিক্ষার জন্যে খাদ্যঃ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটি তাৎপর্যপূর্ণ পদক্ষেপ। পক্ষের বক্তারা এই নতুন উদ্যোগকে দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে অভিহিত করেন। অন্যদিকে বিপক্ষের বক্তারা উদ্যোগ সুদূরপ্রসারী কুফল বয়ে আনবে বলে আশংকা প্রকাশ করেন।

অনুষ্ঠানে গণ সাক্ষরতা অভিযানের পরিচালক জানান শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আলোচনার মাধ্যমে নীতি নির্ধারণী পর্যায়ে প্রয়োজনীয় পরিবর্তনের পরিবেশ সৃষ্টির লক্ষ্যে গণ সাক্ষরতা অভিযান নিয়মিতভাবে সাক্ষরতা বিতর্ক আয়োজনের এ কর্মসূচি গ্রহণ করেছে।